

১৪১ সততা ও সফলতার পোষক

Daily Sokaler Bani

সকালের বাণী

সোমবার ০১ জুলাই ২০২৪

শেষ পাতা



ক্রীড়া অফিসের আয়োজনে সাঁতার প্রশিক্ষার্থীদের মাঝে সনদপত্র বিতরণ

নীলফামারী অফিস

নীলফামারীর সৈয়দপুরে মাসব্যাপী সাঁতার প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠান রবিবার থিমপার্ক সুইমিং পুলে অনুষ্ঠিত হয়েছে। জেলা ক্রীড়া কার্যালয়ের আয়োজনে ও সৈয়দপুর সুইমিং একাডেমির সহযোগিতায় এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা নূর-ই-আলম সিদ্দিকী। জেলা ক্রীড়া কর্মকর্তা আবুল হাসেমের সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সুইমিং পুলের প্রতিষ্ঠাতা আব্দুল্লাহ আল মামুন

উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ২৩জন ছেলে ও ১৭জনকে সনদপত্র ও জার্সি প্রদান করা হয়। জেলা ক্রীড়া কার্যালয় সূত্রে জানায়, ৩১মার্চ থেকে শুরু হওয়া সাঁতার প্রশিক্ষণ শেষ হয় ৪এপ্রিল। এতে ১৪০জন অংশগ্রহণ করে। তাদের মধ্য থেকে ৪০জনকে বাছাই করে সনদ পত্র দেয়া হয়। জেলা ক্রীড়া কর্মকর্তা আবুল হাসেম জানান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ক্রীড়া পরিদপ্তরের আওতায় জেলা ক্রীড়া অফিসের বার্ষিক কর্মসূচির অংশ হিসেবে এই সাঁতার প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।